

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী

সভাপতি : ড. নাহিদ রশীদ
সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
তারিখ ও সময় : ১৬/১০/২০২৩; বেলা ০২.৩০ ঘটিকা।
স্থান : সভাকক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
উপস্থিতি : সংযুক্ত (পরিশিষ্ট-ক)।


মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব এবং শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটির সভাপতি ড. নাহিদ রশীদ এর সভাপতিত্বে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা সংযুক্ত (পরিশিষ্ট-ক)। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী সভায় পঠিত হয় এবং কোন প্রকার সংশোধনী না থাকায় তা দৃষ্টিকরণ করা হয়। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট জনাব মোঃ হেমায়েত হোসেন গত ১২/১০/২০২৩ তারিখে সুশাসন বিষয়ক সফটওয়্যারে ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন আপলোডকরণ এবং ফিডব্যাক সভার বিষয়ে আলোকপাত করেন। তিনি ২.৪ ক্রমিকের লক্ষ্যমাত্রার ৫০ টি PSC ও PIC সভা আয়োজনের বিপরীতে ১ম কোয়ার্টারে ০১টি PSC সভা আয়োজনের বিষয়ে আলোচনা করেন। তিনি বলেন কোয়ার্টারভিত্তিক নির্ধারিত PSC সভা আয়োজন করা সম্ভব না হলে মন্ত্রণালয়ের নম্বর কমে যাবে। সভাপতি ১ম কোয়ার্টারের জন্য নির্ধারিত PSC সভা দ্রুত আয়োজনের নির্দেশনা প্রদান করেন এবং ২য় কোয়ার্টারে সংশ্লিষ্ট সভার প্রমাণকসহ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করেন। ২.৫.২ ক্রমিকে মন্ত্রণালয়ের ইতোমধ্যে সমাপ্ত “ই-সেবা কার্যক্রম চালুকরণ সংক্রান্ত” প্রকল্পের সম্পদ হিসেবে যানবাহন দপ্তর/সংস্থায় চলমান প্রকল্পে হস্তান্তর সংক্রান্ত পত্র জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। তিনি কর্মপরিকল্পনার ৩.৪ ক্রমিকের ভেটেরিনারি হাসপাতালের সেবার মান বৃদ্ধিতে গণশুনানী আয়োজনের বিষয়ে আলোচনা করেন। সভায় উপস্থিত নৈতিকতা কমিটির সদস্য ও সংস্থা প্রধানগণকে অনুরূপ ব্যবস্থা গ্রহণের জন্য সভায় প্রস্তাব করেন।

০২। সভাপতি অভিমত ব্যক্ত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ বর্তমান অর্থবছরে শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়নের সময় যে নির্দেশনা প্রদান করেছে তার শতভাগ অনুসরণ করে মন্ত্রণালয়ের কার্যক্রমসমূহ সম্পাদন করতে হবে। বিশেষ করে কার্যক্রম সম্পাদনের পর যথাযথ প্রমাণক তাৎক্ষণিকভাবে সংরক্ষণের প্রতি গুরুত্ব আরোপ করেন। তিনি আরও জানান যে, কর্মপরিকল্পনার ৩ নং ক্রমিকভুক্ত শুদ্ধাচার সংশ্লিষ্ট দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমগুলোতে অনুবিভাগ প্রধানগণকে ব্যক্তিগতভাবে তদারকি করার জন্য পরামর্শ প্রদান করেন।

০৩। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

১।	২য় কোয়ার্টারের জন্য নির্ধারিত ১৫টি PSC সভাসহ ১ম কোয়ার্টারের অবশিষ্ট সভাসমূহ জরুরিভিত্তিতে আয়োজন করতে হবে।
২।	মন্ত্রণালয়ের ইতোমধ্যে সমাপ্তকৃত “ই-সেবা কার্যক্রম চালুকরণ সংক্রান্ত” প্রকল্পের যানবাহন দপ্তর/সংস্থায় চলমান প্রকল্পে হস্তান্তরের পত্র জনপ্রশাসন মন্ত্রণালয়ে আয়োজন করতে হবে।
৩।	ভেটেরিনারি হাসপাতালের সেবার মান বৃদ্ধিতে গণশুনানী আয়োজন করতে হবে।
৪।	অফিস শেষে রুম ত্যাগের পূর্বে সবধরনের বৈদ্যুতিক যন্ত্রপাতি (লাইট, ফ্যান, কম্পিউটার) বন্ধ করার নির্দেশনা প্রদান করা হয়।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(নুপেন্দ্র চন্দ্র দেবনাথ)

অতিরিক্ত সচিব (সচিবের রুটিন দায়িত্বে)

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, জাতীয় শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটি